# চট্টগ্রাম বন্দর মার্চেন্ট শ্রমিক কল্যাণ তহবিল

নথি নংঃ চবমাশ্রকত/০১/অংশ-৫(লুজ)/২৮২৩ তারিখঃ ০৯/০৯/২০২৬ ইং

# জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর মার্চেন্ট শ্রমিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটির নিয়ন্ত্রণাধীন বন্দর শ্রমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রের জন্য এ্যাম্বুলেন্স এর জন্য ০২ (দুই) জন এ্যাম্বুলেন্স এটেনডেন্ট এবং ০১ (এক) জন পিয়ন/অফিস সহায়ক পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

ক) এ্যাম্বুলেন্স এটেনডেন্ট পদের জন্য প্রযোজ্য শর্তাবলী নিম্নরূপঃ

১। চট্টগ্রাম বন্দর মার্চেন্ট শ্রমিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটির নিয়ন্ত্রণাধীন বন্দর শ্রমিক স্বাস্থ্য কেন্দ্রের এ্যাম্বুলেন্সের জন্য এ্যাম্বুলেন্স এটেনডেন্ট পদের জন্য নির্ধারিত স্কেলে প্রারম্ভিক বেতন প্রদান করা হবে।

২। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস. এস. সি. পাশ হতে হবে।

৩। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

খ) পিয়ন/অফিস সহায়ক পদের জন্য প্রযোজ্য শর্তাবলী নিম্নরূপঃ

১। চট্টগ্রাম বন্দর মার্চেন্ট শ্রমিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটির নিয়ন্ত্রণাধীন বন্দর শ্রমিক স্বাস্থ্য কেন্দ্রের এ্যাম্বুলেন্সের জন্য পিয়ন/অফিস সহায়ক পদের জন্য নির্ধারিত স্কেলে প্রারম্ভিক বেতন প্রদান করা হবে।

২। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।

৩। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

গ) আবেদন দাখিলের শেষ তারিখ- ২৭-০৯-২০২৬ ইং বিকাল ৪:০০ ঘটিকায়। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয়তা, বৈবাহিক অবস্থা ইত্যাদি বিষয় উল্লেখ থাকতে হবে।

ঘ) আবেদনকারীকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি, স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়নকৃত চারিত্রিক সনদের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র ও খামের উপর পদের নাম উল্লেখ করে নিম্নস্বাক্ষরকারী বরাবরে বন্দর ভবন, কক্ষ নং-১৪৮ এ প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

ঙ) সকল পদের জন্য প্রার্থীদের বয়সসীমা ১৮ হতে অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে।

চ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। তহবিল পরিচালনা কমিটি এই নিয়োগের সময়কাল বৃদ্ধি ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাঃ)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
ও
সভাপতি
চট্টগ্রাম বন্দর মার্চেন্ট শ্রমিক কল্যাণ
তহবিল পরিচালনা কমিটি।

ক-৫৭১ (৬×৩)